




রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ
রাজউক ভবন, ঢাকা-১০০০।

প্যানেল আইনজীবী নিয়োগ (চুক্তিভিত্তিক) এর সাক্ষাৎকার স্থগিত করণের বিজ্ঞপ্তি।

এতদ্বারা জানানো যাচ্ছে যে, বিজ্ঞ প্যানেল আইনজীবী, বিজ্ঞ আইন উপদেষ্টা এবং বিজ্ঞ আইন পরামর্শক নিয়োগের (চুক্তিভিত্তিক) জন্য ২৭/০৬/২০২১ হতে ০৮/০৭/২০২১ তারিখ পর্যন্ত প্রতিদিন বিকাল ৩:০০ টা থেকে রাজউক সভাকক্ষে ৩০ (ত্রিশ) জন করে সাক্ষাৎকার গ্রহণের জন্য গঠিত কমিটির সিদ্ধান্ত ও অনুমোদনের প্রেক্ষিতে নির্ধারণ করা হয়েছিল। এরই ধারাবাহিকতায় ২৭/০৬/২০২১ হতে ২৮/০৬/২০২১ তারিখ পর্যন্ত বিজ্ঞ প্যানেল আইনজীবীদের সাক্ষাৎকার গ্রহণ করা হয়। সাম্প্রতিক কোভিড-১৯ উর্ধ্বমুখী হওয়ায় স্বাস্থ্য ঝুঁকির কারণে সরকার লকডাউন কার্যকর করার জন্য ২৮/০৬/২০২১ তারিখ হতে পাবলিক ট্রান্সপোর্টসহ জনগণের চলাচলে নিয়ন্ত্রণ এবং স্বাস্থ্য বিধি কঠোরভাবে মেনে চলার পদক্ষেপ গ্রহণ করেছেন। ফলে সাক্ষাৎ প্রার্থীদের যাতায়াত সমস্যা এবং স্বাস্থ্য ঝুঁকির কারণে উদ্ভূত পরিস্থিতির উন্নতি না হওয়া পর্যন্ত সাক্ষাৎকার গ্রহণ স্থগিত রাখার জন্য কমিটি ২৮/০৬/২০২১ তারিখের সিদ্ধান্ত গ্রহণ করেন। কোভিড-১৯ এর উর্ধ্বমুখী স্বাভাবিক না হওয়া পর্যন্ত স্বাস্থ্য ঝুঁকির কারণে বিজ্ঞ আইনজীবীদের সাক্ষাৎকার গ্রহণ স্থগিত রাখা হলো। পরবর্তীতে সাক্ষাৎকার গ্রহণ বিষয়ে তারিখ ও সময় নির্ধারণ করে জানানো হবে।

গঠিত কমিটির সিদ্ধান্ত ক্রমে এ বিজ্ঞপ্তি জারী করা হল।



(আনন্দ কুমার বিশ্বাস)

পরিচলক (আইন), রাজউক

ও

সদস্য সচিব

আইনজীবী প্যানেলভুক্তকরণ কমিটি।

ফোন- ০১৭৭০৪৩১৪১৫